ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩১৬
আগরতলা, ১৮ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'টিআরইএসপি প্রকল্পে নিয়োগে অনিয়মের অভিযোগ, গুঞ্জন' শিরোনামে ১৩-১০-২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদে পরিবেশিত তথ্য বিভ্রান্তিমূলক বলে উল্লেখ করেছেন টিআরইএসপি-র চীফ অপারেটিং অফিসার। সংবাদে পরিবেশিত সমস্ত তথ্য অসত্য বলে উল্লেখ করে তিনি এক স্পষ্টিকরণ দিয়েছেন।

স্পষ্টিকরণে বলা হয়েছে, ২০২৩ থেকে টিআরইএসপি-র অধীনে সমস্ত নিযুক্তি মুম্বাই-এর টিএন্ডএম সার্ভিসেস কনসাল্টিং প্রাইভেট লিমিটেড-এর মাধ্যমে আউটসোর্সিং-এর ভিত্তিতে করা হয়েছে। নিয়োগ প্রক্রিয়া স্বচ্ছতার সাথে সমস্ত নিয়ম মেনে হয়েছে ত্রিপুরা সরকারের নীতি অনুযায়ী। দ্বিতীয়ত ক্যাটাগরি-১ স্পেশালিস্ট পদে (০১টি লাইভস্টক স্পেশালিস্ট এবং ০১টি ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট স্পেশালিস্ট) টিআরইএসপি-র অনুমোদনক্রমে টিআরইএসপি-র হিউম্যান রিসোর্স ম্যানুয়্যাল অনুযায়ী নিযুক্তি দেওয়া হয়েছে। টিএন্ডএম সার্ভিসেস কনসাল্টিং প্রাইভেট লিমিটেড দ্বারা নির্বাচিত সমস্ত প্রার্থীই যোগ্যতা পূরণ করেছে। ইন্টারভিউ প্রক্রিয়াও সম্পূর্ণ স্বচ্ছতার সাথে সম্পন্ন হয়েছে। ইন্টারভিউ বোর্ডে ছিলেন অর্থ দপ্তর, টিআরএলএম, এসসি ওয়েলফেয়ার ইত্যাদি দপ্তরের আধিকারিকগণ। জনজাতি কল্যাণ দপ্তরের অনুমোদনক্রমে পরীক্ষার ফলাফল বেরিয়েছিল ২০২৫-এর ১৭ সেপ্টেম্বর। ইন্টারভিউ বোর্ড প্রার্থীকে তার যোগ্যতার ভিত্তিতেই নির্বাচন করে। তিনি একজন অবসরপ্রাপ্ত সরকারি আধিকারিক। তাই এটা দুর্ভাগ্যজনক যে সংবাদপত্রে এভাবে একজন অবসরপ্রাপ্ত আধিকারিককে খাটো করা হয়েছে।

তাছাড়া, সংবাদ প্রতিবেদনটিতে যুক্তির অভাব রয়েছে। এরকম ভ্রান্তিমূলক সংবাদ অযথা বিভ্রান্তি সৃষ্টি করে এবং একটি প্রকল্পের সুনাম হানি করে। তাই জনজাতি কল্যাণ দপ্তর এই সংবাদের প্রতিবাদ করছে।

******